বিস্‌মিল্লাহির্ রহ্‌মানির্ রহিম

মাননীয় সদর সাহেব মজলিস খুদ্দামুল আহ্‌মদীয়া ভারত,

আস্ সালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ্।

আল্লাহ্‌তা'লার অপার অনুগ্রহে, মজলিস খুদ্দামুল আহ্‌মদীয়া ভারত তাদের বার্ষিক জাতীয় ইজতেমা আয়োজন করার সুযোগ পাচ্ছে। আল্লাহ্‌তা'লা এই ইজতেমাকে সর্বতোভাবে কল্যাণময় ও সাফল্যমণ্ডিত করুন এবং প্রত্যেক খুদ্দাম ও আতফালকে ইজতেমার সকল কর্মসূচি থেকে উপকৃত হওয়ার তৌফিক দান করুন। আমিন।

আপনারা, যারা আহ্‌মদীয়া জামা'তের খুদ্দাম এবং আতফাল নামে পরিচিত, আপনাদের উপর অনেক গুরুত্বপূর্ণ দায়িত্ব বর্তায়। আল্লাহ্ আপনাদের বিশ্বকে সেবা করার জন্য সৃষ্টি করেছেন। এর জন্য সর্বপ্রথম আপনাদেরকে আল্লাহ্‌র সাথে নিজেদের সম্পর্ক মজবুত করতে হবে এবং তাঁর নিকট সিজদাবনত হয়ে নিজেদের ইবাদতের মানকে আরও উন্নত করতে থাকতে হবে। সুতরাং, বিশেষভাবে আপনারা পাঁচ ওয়াক্ত নামায নিয়মিত এবং বিনয় ও নম্রতার সাথে আদায় করার অভ্যাস করুন এবং কুরআন কারীম তিলাওয়াত ও তার শিক্ষাগুলোর উপর আমল করাকে নিজেদের অভ্যাসে পরিণত করুন। যেমন যেমন আল্লাহ্‌র সাথে আপনাদের সম্পর্ক বৃদ্ধি পাবে, আপনাদের ঈমান ও বিশ্বাসে দৃঢ়তা সৃষ্টি হতে থাকবে। ফলস্বরূপ আল্লাহ্‌তা'লা আপনাদেরকে নিজের অসংখ্য অনুগ্রহ ও পুরস্কারের উত্তরাধিকারী বানাবেন এবং আপনারা উন্নতির সোপান পাড়ি দিয়ে সমাজ তথা বিশ্বে শান্তি ও নিরাপত্তার পরিবেশ স্থাপনকারী হবেন। ইনশাআল্লাহ্। কিন্তু এর জন্য অনেক পরিশ্রম ও প্রচেষ্টার প্রয়োজন। খিলাফতে আহ্‌মদীয়ার সাথে আন্তরিকতা ও নিষ্ঠার সম্পর্ক বৃদ্ধি করা প্রয়োজন। যুগ খলিফার প্রত্যেক নির্দেশ ও প্রতিটি উপদেশের উপর মন-প্রাণ দিয়ে আমল করা প্রয়োজন। কারণ এটাই সেই ভিত্তি, যার ফলস্বরূপ আপনাদের জন্য উন্নতি ও সাফল্যের পথ উন্মোচিত হতে থাকবে। মনে রাখবেন, আপনাদের সমস্ত উন্নতির রহস্য খিলাফতের সাথে সম্পৃক্ত এবং এর সাথে আন্তরিকতা ও আনুগত্যের সম্পর্ক সবসময় আপনাদেরকে জাগতিকতা ও আধ্যাত্মিকতায় সফল বয়ে নিয়ে আসবে। ইনশাআল্লাহ্।

আহ্‌মদী খুদ্দামদের আরেকটি বড় দায়িত্ব হল, আপনাদেরকে নিজেদের ভবিষ্যৎ প্রজন্মের প্রশিক্ষণের দিকে বিশেষ মনোযোগ দিতে হবে এবং তাদেরকে জামা'তের সাথে দৃঢ়ভাবে সম্পৃক্ত রাখতে হবে। আপনাদের ঘরে পুণ্য, তাকওয়া এবং ভালোবাসার পরিবেশ স্থাপন করতে হবে, যাতে শিশুরা আপনাদের ব্যাবহারিক দৃষ্টান্ত দেখে শিক্ষা গ্রহণ করে এবং ইসলামের শিক্ষাগুলোর সাথে পরিচিত হয়ে ভবিষ্যতে পৃথিবীতে শান্তি ও নিরাপত্তার বার্তা এবং ইসলামের অনিন্দ্য সুন্দর শিক্ষাগুলো প্রচার-প্রসারকারী হতে পারে।

হযরত আকদাস মসীহ্ মাওউদ (আ.) বলেন, "নিজেরা পুণ্যবান হও এবং নিজ সন্তানদের জন্য পুণ্য ও তাকওয়ার এক উত্তম দৃষ্টান্তে পরিণত হও এবং তাদেরকে মুত্তাকী ও দ্বীনদার

বানানোর জন্য প্রচেষ্টা ও দোয়ায় রত থাকো। তাদের জন্য সম্পদ জমা করার ক্ষেত্রে তোমরা যেহেন প্রচেষ্টা করে থাকো, সেই একই প্রচেষ্টা এক্ষেত্রেও করো। ভালোভাবে স্মরণ রেখো যে, যতক্ষণ পর্যন্ত আল্লাহ্‌তা'লার সাথে সম্পর্কস্থাপন না হয় এবং তাঁর সাথে সত্যিকারের সম্পর্ক না হয়, কোনো কিছুই উপকার সাধন করতে পারে না।"

(মালফুযাত, খণ্ড ৭, পৃষ্ঠা ৩২০, সংস্করণ ২০২২ খ্রি.)

যদি আপনারা এই দায়িত্বগুলো অনুভব করেন এবং এগুলোকে যথাযথভাবে পালন করার চেষ্টা করেন, তাহলে আল্লাহ্‌তা'লার কল্যাণাবলী অর্জন করতে পারবেন এবং জামা'তের উজ্জ্বল ভবিষ্যতের ভিত্তিগুলোকে সুদৃঢ় করতে থাকবেন। আল্লাহ্‌তা'লা আপনাদের সকলকে এই কথাগুলোর উপর আমল করার তৌফিক দান করুন এবং এই ইজতেমাকে আপনাদের জন্য একটি আধ্যাত্মিক বিপ্লবের মাধ্যম করে তুলুন। আমিন।

ওয়াস্‌সালাম

খাকসার

মির্যা মাসরূর আহ্‌মদ

খলিফাতুল মসীহ্ আল্ খামেস